

(একই স্মারক ও তারিখ ঠিক রেখে বিকল্প প্রতিস্থাপন)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি-৮৮৮(ক-৩)/২০০৫/৪২৮৫(৪)

তারিখ : ০২/১০/২০১৯ খ্রি.

বিষয় : রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলাধীন মাটিকাটা আদর্শ ডিগ্রি কলেজ এর ডিগ্রিস্তরের তৃতীয় শিক্ষক জনাব মো: আব্দুস শামীম, প্রভাষক(অর্থনীতি) এর নিয়োগ সংক্রান্ত রেকর্ডপত্র যাচাই করে মতামত প্রদান।

সূত্র : স্মারক নং মাআডিক-উ:শি:/৭/১২১ তারিখ : ২৯/০৮/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলাধীন মাটিকাটা আদর্শ ডিগ্রি কলেজ এর জনাব মো: আব্দুস শামীম, প্রভাষক(অর্থনীতি) কে ডিগ্রিস্তরে তৃতীয় কোটায় এমপিওভুক্ত করার জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক অধ্যক্ষ আবেদন করেন।

ডিগ্রিস্তরে তৃতীয় শিক্ষক হিসেবে জনাব মো: শামীম, প্রভাষক(অর্থনীতি) পদে নিয়োগ প্রক্রিয়া, স্নাতক(পাস) পর্যায়ে তৃতীয় শিক্ষক এর এমপিও প্রাপ্যতা, শিক্ষাগত যোগ্যতার সনদসমূহ যাচাই বাছাই করে এমপিওভুক্তির বিষয়ে মতামত প্রদানের জন্য জনাব আশেকুল হক, সহকারী পরিচালক(এইচ.আর.এম), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা কে মনোনীত করা হলো।

এমতাবস্থায়, মাটিকাটা আদর্শ ডিগ্রি কলেজটি সরেজমিনে পরিদর্শন করে জনাব মো: আব্দুস শামীম, প্রভাষক (অর্থনীতি) কে ডিগ্রিস্তরে তৃতীয় শিক্ষক পদে এমপিওভুক্তির বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন।

14.10.19

(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

জনাব আশেকুল হক
সহকারী পরিচালক(এইচ.আর.এম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- (২) সভাপতি, গভর্নিং বডি, মাটিকাটা আদর্শ ডিগ্রি কলেজ, গোদাগাড়ী, রাজশাহী;
- (৩) জেলা শিক্ষা অফিসার, রাজশাহী(তদন্ত কর্মকর্তাকে তদন্তকাজে সার্বিক সহযোগিতার অনুরোধসহ);
- (৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা : গোদাগাড়ী, জেলা : রাজশাহী
(তদন্ত কর্মকর্তাকে তদন্তকাজে সার্বিক সহযোগিতার অনুরোধসহ);
- (৫) অধ্যক্ষ, মাটিকাটা আদর্শ ডিগ্রি কলেজ, গোদাগাড়ী, রাজশাহী;
- (৬) সংরক্ষণ নথি।